



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্মচারী সমিতির উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল-
২০১৯ অনুষ্ঠিত



জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্মচারী সমিতির উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল-২০১৯ অনুষ্ঠান ২৬-মে ২০১৯, রবিবার স্টার কাবাব এন্ড রেস্টুরেন্ট (জনসন রোড, ঢাকায়) অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

অনুষ্ঠানের বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া এবং রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান।

কর্মচারী সমিতি সভাপতি এরশাদ মিয়া এর সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মোঃ আবদুল জলিল এর সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন মনোবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আশোক কুমার সাহা, একাউন্টিং এন্ড ইনফরমেশন বিভাগের সহযোগী অধ্যাপক মোঃ কাজী নাসির উদ্দীন, কর্মকর্তা সমিতির সভাপতি মোহাম্মদ কামাল হোসেন সরকার ও সাধারণ সম্পাদক আলতাব হোসেন, কর্মকর্তা এবং কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।